

## সুনান আদ-দারাকুতনী

হাদিস নম্বরঃ ১৪৫৭

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৭. ধনুক, শিং ও জুতা পরে নামায পড়া এবং নামাযের মধ্যে কোন জিনিস নিষ্ফেপ করা, যদি তাতে নাপাক থাকে

بَابُ الصَّلَاةِ فِي الْقَوْسِ وَالْقَرْنِ وَالنَّعْلِ وَطَرَحِ الشَّيْءِ فِي الصَّلَاةِ إِذَا كَانَ فِيهِ نَجَاسَةٌ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ ، ثنا أَبُو جَعْفَرٍ مُحَمَّدُ بْنُ أَبِي سَمِينَةَ ، ثنا  
صَالِحُ بْنُ بِيَانٍ ، ثنا فُرَاتُ بْنُ السَّائِبِ عَنْ مَيْمُونِ بْنِ مِهْرَانَ عَنْ ابْنِ عَبَّاسٍ ( خُذُوا  
زِينَتَكُمْ عِنْدَ كُلِّ مَسْجِدٍ ) قَالَ : الصَّلَاةُ فِي النَّعْلَيْنِ ، وَقَدْ صَلَّى رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ  
عَلَيْهِ وَسَلَّمَ - فِي نَعْلَيْهِ فَخَلَعَهُمَا فَخَلَعَ النَّاسُ فَلَمَّا قَضَى الصَّلَاةَ قَالَ : " لِمَ خَلَعْتُمْ  
نِعَالَكُمْ ؟ " . قَالُوا : رَأَيْنَاكَ خَلَعْتَ فَخَلَعْنَا . قَالَ : " إِنَّ جِبْرِيلَ عَلَيْهِ السَّلَامُ أَتَانِي فَقَالَ :  
إِنَّ فِيهِمَا دَمَ حَلْمَةٍ

বাংলা

১৪৫৭(২). আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয (রহঃ) ... ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত।  
“তোমরা প্রত্যেক নামাযের সময় সুন্দর পোশাক পরিধান করো” (সূরা আল-আ’রাফ : ৩১)। তিনি এর ব্যাখ্যায়  
বলেন, অর্থাৎ জুতা পরিধান করে নামায পড়া। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুতা পরিধান করে  
নামায পড়েছেন। তিনি নামাযরত অবস্থায় জুতাজোড়া খুলে রাখলে (তার দেখাদেখি) লোকজনও তাদের জুতা খুলে  
রাখেন। নামাযশেষে তিনি বলেনঃ তোমরা কেন তোমাদের জুতা খুললে? তারা বলেন, আপনাকে জুতা খুলতে  
দেখেছি, তাই আমরাও খুলেছি। তিনি বলেনঃ জিবরীল (আ.) আমার নিকট এসে বলেন, জুতাজোড়ায় রক্তপায়ী  
কীটের রক্ত লেগে আছে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81246>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন